গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

**আমদানিকৃত পণ্যের এইচএস কোড নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী (তারিখ ৩১/০৮/২০২০)**

বিভিন্ন অংশীজনদের নিকট হতে পণ্যের এইচএস কোড নির্ধারন বিষয়ে প্রাপ্ত আবেদনসমূহ জাতীয় রাজস্ব বোর্ড নিয়মিতভাবে নিষ্পত্তি করে থাকে। পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস ও এইচএস কোড নির্ধারণ অনেক সুক্ষ্ম ও জটিল বিশ্লেষণের ওপর নির্ভরশীল হওয়ায় অংশগ্রহণমূলক সিদ্ধান্ত গ্রহণ অত্যাবশ্যক। ফলে এ জাতীয় আবেদন নিষ্পত্তির লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রায়শই আবেদনকারী, অধীনস্থ বিভিন্ন কাস্টমস স্টেশন ও বিশেষজ্ঞ সমন্বয়ে সভা করে থাকে। এ জাতীয় কতিপয় আবেদন নিষ্পত্তির লক্ষ্যে **৩১/০৮/২০২০** তারিখে সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) এর সভাপতিত্বে শ্রেণিবিন্যাস সংক্রান্ত একটি সভা হয় (সভায় উপস্থিতির তালিকা সংযুক্ত)। উক্ত সভার বিষয়বস্তু নিম্নরূপ:

**(ক) আলোচ্য সূচি:**

১। Bravo Apparel Manufacturer Ltd. কর্তৃক আমদানিকৃত Thermostat De-humidifeir, Model: DJFT-4881E এর সঠিক H.S Code নির্ধারণ;

২। Lafargeholcim Bangladesh Ltd. এবং Bashundhara Industrial Complex Ltd. কর্তৃক আমদানিকৃত Grinding Aid (Prepared Additive for Cements) এর এইচএস কোড নির্ধারণ;

৩। Sanowara Drinks & Beverage Industries Ltd. এবং Dhaka Ice-Cream Industries Ltd. কর্তৃক আমদানিকৃত Walk in Cold Room/ Storage Box এর এইচএস কোড নির্ধারণ; এবং

৪। System engineering কর্তৃক আমদানিকৃত Digital Volumetric Weighing Scale এর এইচএস কোড নির্ধারণ।

**(খ) সংক্ষিপ্ত বিবরণ:** সভার শুরুতেই সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার বিষয়ভিত্তিক আলোচনা শুরু করেন। তিনি দ্বিতীয় সচিবকে সভার কার্যপত্র উপস্থাপনসহ সকলকে আলোচনার জন্য আহ্বান জানান। সভায় প্রতিস্ঠান ভিত্তিক আলোচনা ও সে প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত নিম্নরূপ:-

১। Bravo Apparel Manufacturer Ltd. নামীয় শতভাগ রপ্তানিমুখী পোষাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত পণ্য Thermostat De-humidifeir, Model: DJFT-4881E এর সঠিক এইচএস কোড নির্ধারণ বিষয়ে দিক নির্দেশনা কামনা করে কাস্টম হাউস চট্টগ্রাম জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করে। বিবেচ্য বিষয়ের প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ:-

| **ক্রমিক নং** | **বিল অব এন্ট্রি নং** | **সি-৫৭৬৯৪৫ তাং-০৩/০৪/২০১৯** |
|---|---|---|
| | সংশ্লিষ্ট কাস্টম হাউস | কাস্টম হাউস, চট্টগ্রাম। |
| | আমদানিকারক | Bravo Apparel Manufacturer Ltd |
| | পণ্যের বাণিজ্যিক নাম | Thermostat Dehumidifeir, Model: DJFT-4881E |
| | পণ্যের রাসায়নিক গঠণ | Dehumidifier |
| | Refrigeration Capacity | 12.5 KW বা 42650 BTU বা 3.55 Tons |
| | সম্ভাব্য ব্যবহার | জলীয় বাষ্প শোষণ করে কক্ষের/পণ্যের/ প্যাকেজের আদ্রতা হ্রাস করে। |

| | | |
|---|---|---|
| | ঘোষিত এইচএস কোড ও বিসিটির বর্ণনা | **84.79 Machines and mechanical appliances having individual functions, not specified or included elsewhere in this Chapter.**<br>- Other machines and mechanical appliances:<br>8479.89.00 -- Other |
| | কাস্টম হাউসের নির্ধারিত এইচএস কোড ও বিসিটির বর্ণনা | **84.15 Air conditioning machines, comprising a motor-driven fan and elements for changing the temperature and humidity, including those machines in which the humidity cannot be separately regulated.**<br>- Other<br>8415.82.90 --- Other |
| | চালানের বর্তমান অবস্থান | শুল্কায়ন ও খালাস পরবর্তিতে PCA এর মাধ্যমে বিষয়টি উদঘাটিত হলে দাবীনাা সম্বলিত কারণ দর্শাও নোটিশ জারি করা হয়। |

পণ্যটির ঘোষিত এইচএস কোড 8479.89.00 হলেও কাস্টম হাউস তা শুল্কায়ন ও খালাস পরবর্তিতে PCA এর মাধ্যমে 8415.82.90 হিসেবে নির্ধারন করে প্রযোজ্য রাজস্ব আদায়কল্পে দাবীনামা সম্বলিত কারণ দর্শাও নোটিশ জারি করে। আমদানিকারক উক্ত নোটিশের জবাব প্রদান করলে কাস্টম হাউস কর্তৃক উক্ত জবাব পর্যালোচনাসহ বৃহৎ পরিসরে বিবেচনার উদ্দেশ্যে তা জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করা হয়।

প্রথমেই আমদানিকারকের পক্ষে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক নিজেকে যন্ত্র প্রকৌশলী দাবী করে তাদের লিখিত বক্তব্যের ধারাবাহিকতায় উল্লেখ করেন যে, যন্ত্রটি শুধুমাত্র আদ্রতা নিয়ন্ত্রণের জন্য প্রস্তুতকৃত, শীতাতপ নিয়ন্ত্রণের জন্য নয়। তারা সভায় পণ্যটির গাঠনিক ক্ষেত্রে প্রযুক্তিগত উৎকর্ষের বিষয়টি বিশদ ব্যাখ্যা করেন। Thermostat Dehumidifier যন্ত্রটিতে Cooling component ব্যবহার করে কোন আবদ্ধ স্থানের বাতাসের জলীয়বাস্পকে জমিয়ে ঠান্ডা করে তরল পানিতে পরিনত করা হয়। যন্ত্রটির Thermostat এই তাপমাত্রা নিয়ন্ত্রণের কাজ করে। উক্ত তরল পানি ড্রেইন করে বাইরে ফেলে দেয়া হয় ফলে কক্ষের আপেক্ষিক আদ্রতা ধীরে ধীরে হ্রাস পেতে থাকে। এই প্রক্রিয়া আবদ্ধ স্থানের আদ্রতা কাঙ্খিত মাত্রায় না পৌছা পর্যন্ত চলতে থাকে। ফলে এর ব্যবহার আদ্রতা হ্রাসকরণে মাত্র। শীতাতপ নিয়ন্ত্রণে নয়। এর পর কাস্টম হাউস, চট্টগ্রামের যুগ্ম কমিশনার জনাব মোহাম্মদ মাহবুব হাসান সভায় জানান যে, খালাস পরবর্তিতে পণ্যটির রপ্তানিকারক প্রতিষ্ঠানের ওয়েবসাইট যাচাই করে দেখা যায় মেশিনটি Humidity and Temparature উভয়ই নিয়ন্ত্রণ করে। এর Refrigerating capacity 42,650 BTU। ফলে পণ্যটি BCT এর ব্যাখ্যানুযায়ী এইচএস কোড 8415.82.90 এ শ্রেণিবিন্যাসযোগ্য। দ্বিতীয় সচিব (কাস্টমস:নীতি) মোহাম্মদ মেহরাজ-উল-আলম সম্রাট সভায় উল্লেখ করেন যে যেহেতু পণ্যটির গঠণে Airconditioner Machine এর জন্য প্রযোজ্য সকল উপাদান যথা, Motor driven fan, Compressor, Condenser and Evaporator রয়েছে। তাই Explanatory Notes এর ব্যাখ্যানুযায়ী এটি কাস্টম হাউসের নির্ধারিত এইচএস কোডে শ্রেণিবিন্যাস যোগ্য। কাস্টম হাউস, পানগাঁও এর যুগ্ম কমিশনার মোঃ লুৎফুল কবির এ পর্যায়ে আমদানিকারকের নিকট জানতে চান যে পণ্যটিতে আলাদাভাবে আদ্রতা নিয়ন্ত্রণের ব্যবস্থা রয়েছে কি না। আমদানিকারক জানান যে এতে তাপমাত্রা নিয়ন্ত্রণের ব্যবস্থা রয়েছে। তবে উক্ত ব্যবস্থা থাকলেও এটি আবদ্ধ স্থানের তাপমাত্রা কার্যকরভাবে নিয়ন্ত্রণ করতে পারে না। কেননা এটির মূল কাজ আদ্রতা নিয়ন্ত্রণ করা, তাপ নিয়ন্ত্রণ করা নয়। তর্কের খাতিরে যদি এটির মধ্যস্থিত Cooling component কে এয়ারকন্ডিশন হিসেবে ব্যবহারও করা হয় তবুও এর শীতাতপ নিয়ন্ত্রণ ক্ষেত্র হবে প্রায় ৪৫০ বর্গফুট যা এর আপেক্ষিক আদ্রতা নিয়ন্ত্রণ ক্ষেত্রের এক-তৃতীয়াংশ মাত্র। সভায় দ্বিতীয় সচিব (কাস্টমস: ক্লাসিফিকেশন) উল্লেখ করেন যে পণ্যটিতে শীতাতপ নিয়ন্ত্রণের ব্যবস্থা থাকার কারণে WCO Explanatory Notes এর হেডিং নং ৮৪.১৫ এর ব্যাখ্যা অনুযায়ী তা উক্ত হেডিং এ শ্রেণিবিন্যস্ত হওয়া বাঞ্ছনীয়। কেননা সেখানে The heading applies only to machines: (1) Equipped with a motor-driven fan or blower, and (2) Designed to change both the temperature (a heating or cooling element or both) and the humidity (a humidifying or drying element or both) of air, and (3) For which the elements mentioned in (1) and (2) are presented together. In these machines the elements for humidifying or drying the air may be separate from those for heating or cooling it. However, certain types incorporate only a single unit which changes both the temperature and, by condensation, the humidity of the air... মর্মে বর্ণনা রয়েছে। এছাড়াও সভায় অন্যান্য সদস্যগণ এ বিষয়ে অন্যান্য প্রাসঙ্গিক আলোচনার অবতারনা করেন।

**সিদ্ধান্ত:** Bangladesh Customs Tariff (BCT) এবং WCO Explanatory Notes এর বর্ণনা এবং General Rules For The Interpretation of The Harmonized System এর Rule 1 অনুযায়ী Bravo Apparel Manufacturer Ltd. কর্তৃক আমদানিকৃত Thermostat De-humidifeir, Model: DJFT-4881 নামীয় পণ্য এইচএস কোড 8415.82.90 এ শ্রেণিবিন্যাসযোগ্য ।

২। সভার দ্বিতীয় পর্যায়ে Sanowara Drinks & Beverage Industries Ltd. এবং Dhaka Ice-Cream Industries Ltd. কর্তৃক আমদানিকৃত পণ্য Walk in Cold Room and Storage Box for Icecream এর এইচএস কোড নির্ধারণ সংক্রান্ত বিষয়টি উপস্থাপন করা হয় যা নিষ্পত্তির জন্য কাস্টম হাউস চট্টগ্রাম জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করে। পরবর্তীতে আমদানিকারকও এ বিষয়ে তাদের অবস্থান ব্যক্ত করে পৃথক আবেদন দাখিল করে। আলোচ্য ক্ষেত্রে আইসক্রীম প্রস্তুতকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত আইসক্রীম সংরক্ষণের জন্য Walk in Cold Room ও Storage Box for Icecream বিযুক্ত অবস্থায় আমদানি করা হয়েছে। পণ্যটি আমদানির সময় বাণিজ্যিক বর্ণনা ও গাঠনিক উপাদান বিবেচনায় কাস্টম হাউস কর্তৃক পণ্যটিকে 9406.90.90 এইচএস কোডে শ্রেণিবিন্যাসিত করা হয়। এর ডিটেইল্ড প্যাকিং লিস্ট পর্যালোচনায় দেখা যায় এর প্রস্তুতিতে মূলত তিন ধরণের পণ্যসামগ্রী ব্যবহৃত হয়েছে যা স্থানীয়ভাবে সংযুক্তকরণের মাধ্যমে যন্ত্রটি কর্মক্ষম হবে, যথা:-১। cold room panels ২। cooling systems components এবং ৩। Ante room cooling system। বিবেচ্য বিষয়ের প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ:-

| ক্রমিক নং | বিল অব এন্ট্রি নং | সি ৪১৫১০০, তারিখ-০৩/০৩/২০২০ এবং সি-৩১৫০১৮, তারিখ-১৬/০২/২০২০, সি-৩১৫০৩২, তারিখ-১৬/০২/২০২০ |
|---|---|---|
| | সংশ্লিষ্ট কাস্টম হাউস | কাস্টম হাউস, চট্টগ্রাম। |
| | আমদানিকারক | Sanowara Drinks & Beverage Industries Ltd. এবং Dhaka Ice-Cream Industries Ltd. |
| | পণ্যের বাণিজ্যিক নাম | 1. Walk in Cold Room<br>2. Storage Box for Icecream |
| | কায়িক পরীক্ষার ফলাফল | বিযুক্ত অবস্থায় আমদানিকৃত |
| | সম্ভাব্য ব্যবহার | প্রস্তুতকৃত আইসক্রিম সংরক্ষণ |
| | ঘোষিত এইচএস কোড ও বিসিটির বর্ণনা | **84.18 Refrigerators, freezers and other refrigerating or freezing equipment, electric or other, heat pumps other than air conditioning machines of heading 84.15**<br>- Other refrigerating or freezing equipment; heat pumps<br>-- Other<br>8418.69.93 --- Freezer or storage box of exceeding 2000 L capacity imported by VAT registered ice-cream manufacturing industries |
| | কাস্টম হাউসের নির্ধারিত এইচএস কোড ও বিসিটির বর্ণনা | **94.06** **Prefabricated buildings.**<br>9406.10.00 - Of wood<br>- Other<br>9406.90.10 --- Sandwich panel...<br>9406.90.90 --- Other |

সভায়, আমদানিকারকের প্রতিনিধিগণ জানান যে আইসক্রিম প্রস্তুতকারী প্রতিষ্ঠানকে এই সংরক্ষণাগার আমদানিতে রেয়াতি সুবিধা প্রদানে সরকারী নীতিগত সিদ্ধান্ত গৃহিত হলে কয়েক বছর পূর্বে এই এইচএস কোডটি BCT তে সৃজন করা হয়েছে। বহুকাল পূর্ব হতে এ জাতীয় পণ্য আইসক্রিম প্রস্তুতকারী প্রতিষ্ঠানগুলো উক্ত এইচএস কোডে আমদানি করে খালাস গ্রহণ করে আসছে। তবে সাম্প্রতিক সময়ে ঘোষিত এইচএস কোডে তাদের পণ্য খালাস না দেয়ায় আলোচ্য ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হয়েছে। তারা পূর্বের ধারাবাহিকতায় পণ্যটিকে ঘোষিত এইচএস কোডে শ্রেণিবিন্যাস করণের অনুরোধ করেন। অপরদিকে কাস্টম হাউস, চট্টগ্রামের যুগ্ম কমিশনার মোহাম্মদ মাহবুব হাসান জানান যে, আলোচ্য পণ্যের বিষয়ে কাস্টম হাউসের এ্যাসেসমেন্ট কমিটির সিদ্ধান্ত রয়েছে। আলোচ্য ক্ষেত্রে দুইটি প্রতিষ্ঠানের

দুই প্রকারের পণ্য রয়েছে। প্রথমটি হচ্ছে Walk in Cold Room ও দ্বিতীয়টি হচ্ছে Storage Box for Icecream। BCT তে এইচএস কোড 8418.69.93 ---- Freezer or storage box of exceeding 2000 L capacity imported by VAT registered ice-cream manufacturing industries মর্মে বর্ণনা রয়েছে। সেখানে ২,০০০লিটার বা তদুর্ধ ধারণ ক্ষমতার স্টোরেজ বক্স উল্লেখ থাকলেও সর্ব্বোচ্চ ধারণ ক্ষমতা কত হতে পারবে তার উল্লেখ নেই। আলোচ্য পণ্যের ধারণ ক্ষমতা যথাক্রমে ৯৮,০০০ লিটার ও ৫০ লাখ লিটার (প্রায়)। ফলে এ সুবৃহৎ পণ্যটিকে বক্স বলা যাবে কিনা তা পরিষ্কার নয়। তাছাড়াও হেডিং ৯৪.০৬ সরাসরি Sandwich panel নামীয় পণ্যটি অন্তর্ভুক্ত থাকায় উক্ত এ্যাসেসমেন্ট কমিটি পণ্যটিকে এইচএস কোড 9406.90.10 তে শ্রেণিবিন্যাস যোগ্য মর্মে সিদ্ধান্ত প্রদান করে। প্রথম সচিব (কাস্টমস ক্লাসিফিকেশন) উল্লেখ করেন যে যেহেতু পণ্যটির ঘোষিত এইচএস কোডে ক্যাপাসিটির কোন নির্ধারিত উচ্চসীমা উল্লেখ নেই ফলে, আমদানিকতৃ পণ্যকে ঘোষিত এইচএস কোডে শ্রেণিবিন্যাস করতে এই ধারণক্ষমতা কোন বাধা হতে পারেনা। তাছাড়াও কাস্টম হাউস (আইসিডি), ঢাকার ডেপুটি কমিশনার মোহাম্মদ নাহিদুন্নবী উল্লেখ করেন যে, মূলত হেডিং 94.06 ভুক্ত পণ্য হচ্ছে Prefabricated buildings ও এর অংশসমূহ অন্যদিকে 84.18 হেডিংভুক্ত পণ্য হচ্ছে যন্ত্র বা যন্ত্রাংশ। ফলে আমদানিকৃত পণ্যটি একটি যন্ত্র হিসেবে কাজ করায় তা হেডিং 84.18 এ শ্রেণিবিন্যাস যুক্তিযুক্ত। সভায় দ্বিতীয় সচিব (কাস্টমস ক্লাসিফিকেশন) উল্লেখ করেন যে হেডিং 84.18 এর Explanatory notes এর বর্ণনানুযায়ী দুই ধরণের Refrigerators রয়েছে। (A) Compression type refrigerators ও (b) Absorption type refrigerators। উক্ত Refrigerators এর আবশ্যিক উপাদান হচ্ছে compressor বা generator , condenser and evaporator । আলোচ্য ক্ষেত্রে আমদানিকৃত পণ্যে এই উপাদানগুলি বিদ্যমান রয়েছে মর্মে পর্যালোচনায় দেখা যায়। তাছাড়াও হেডিং 94.06 এর Explanatory notes এর ব্যাখ্যানুযায়ী complete buildings, fully assembled, ready for use; complete buildings, unassembled; and incomplete buildings, whether or not assembled, having the essential character of prefabricated buildings পণ্যই এ হেডিং এ শ্রেণিবিন্যাসযোগ্য। ফলে পণ্যটি যন্ত্র হিসেবে ঘোষিত এইচএস হেডিং এ শ্রেণিবিন্যাসযোগ্য হতে পারে। সভার অপরাপর সকলে এ বিষয়ে একতম প্রকাশ করেন। এছাড়াও সভায় অন্যান্য সদস্যগণ এ বিষয়ে অন্যান্য প্রাসঙ্গিক আলোচনার অবতারনা করেন।

**সিদ্ধান্ত:** Bangladesh Customs Tariff (BCT) এবং WCO Explanatory Notes এর বর্ণনা এবং General Rules for the Interpretation of the Harmonized System এর Rule 1 অনুযায়ী আমদানিকৃত walk in Cold Room / Storage Box for Icecream এইচএস কোড 8418.69.93 এ শ্রেণিবিন্যাসযোগ্য ।

৩। সভার তৃতীয় পর্যায়ে শিল্পখাতের আমদানিকারক Lafargeholcim Bangladesh Ltd. এবং Bashundhara Industrial Complex Ltd. নামীয় প্রতিস্থানের বিষয় উপস্থাপন করা হয়। আমদানিকৃত পণ্য Grinding Aid (Prepared Additive for Cements এর সঠিক এইচএস কোড নির্ধারণ বিষয়ে দিক নির্দেশনা কামনা করে কাস্টম হাউস চট্টগ্রাম জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করে। পরবর্তীতে Bashundhara Industrial Complex Ltd. এ বিষয়ে তাদের অবস্থান ব্যাক্ত করে জাতীয় রাজস্ব বোর্ডে পৃথক আবেদন দাখিল করে। বিবেচ্য বিষয়ের প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ:-

| **ক্রমিক নং** | **বিল অব এন্ট্রি নং-** | **সি ১৯৩৯২৫৩, তারিখ-১৫/১২/২০১৯, সি-১৩৩৪৩৫৯, তারিখ-২০/০৮/২০১৯ এবং ১৮৬১২৭৫, তারিখ-০৩/১২/২০১৯** |
|---|---|---|
| | সংশ্লিষ্ট কাস্টম হাউস | কাস্টম হাউস, চট্টগ্রাম। |
| | আমদানিকারক | Lafargeholcim Bangladesh Ltd. এবং Bashundhara Industrial Complex Ltd. |
| | পণ্যের বাণিজ্যিক নাম | Grinding Aid (Prepared Additive for Cements) |
| | পণ্যের রাসায়নিক গঠণ | রাসায়নিক পরীক্ষার প্রতিবেদন দ্রষ্টব্য। |

| | | |
|---|---|---|
| | সম্ভাব্য ব্যবহার | সিমেন্ট শিল্পের কাঁচামাল। সিমেন্ট প্রস্তুতির সময় কাঁচামালের সাথে পণ্যটি যোগ করলে Grinding process মসৃণ ও দ্রুততর হয়। এছাড়াও বাণিজ্যিক নির্মান কাজে এটির ব্যবহার রয়েছে। পণ্যটির প্রচুর বাণিজ্যিক আমদানিও রয়েছে। |
| | রাসায়নিক পরীক্ষায় প্রাপ্ত পণ্য | 1. Chemical preparation based on tri-ethanol amine, tri-isopropanolamine, di-ethanolamine,water, additives;<br>2. Tri-isopropanolamine, di-isopropanolamine, ethylene glycol,water, additives etc. |
| | ঘোষিত এইচএস কোড ও বিসিটির বর্ণনা | **38.24 Prepared binders for foundry moulds or cores; chemical products and preparations of the chemical or allied industries (including those consisting of mixtures of natural products), not elsewhere specified or included**<br>3824.40.00 -.Prepared additives for cements, mortars or concretes |
| | কাস্টম হাউসের নির্ধারিত এইচএস কোড ও বিসিটির বর্ণনা | - Other<br>3824.99.90 --- Other |
| | চালানের বর্তমান অবস্থান | অঙ্গীকারনামা ও ব্যাংক গ্যারান্টির বিপরীতে সাময়িক শুল্কায়নের মাধ্যমে খালাসকৃত। |

সভায়, আমদানিকারক প্রতিষ্ঠান Bashundhara Industrial Complex Ltd. এর ডিএমডি প্রকৌশলী এম.জামান উল্লেখ করেন যে, পণ্যটি তারা দীর্ঘদিন যাবৎ তারা আলোচ্য এইচএস কোডে ঘোষণাপূর্বক আমদানি করে খালাস গ্রহণ করছেন। তারা পণ্যের ক্যাটালগ ও ইতোপূর্বে আমদানিকৃত অভিন্ন পণ্যের এ্যানালাইসিস রিপোর্ট দাখিল করেন। তারা আরও উল্লেখ করেন যে পণ্যটি সিমেন্ট বিশেষতঃ Portland and Limestone cements এর Grinding process এ মিশ্রিত করলে সিমেন্টের Early strength নিশ্চিত হয় এবং separator efficiency বৃদ্ধি পায়। অর্থাৎ পণ্যটি হচ্ছে সিমেন্ট প্রস্তুতের কাঁচামাল। সিমেন্ট প্রস্তুত প্রক্রিয়ায় এটি মিশ্রণের ফলে একদিকে যেমন উৎপাদিত সিমেন্টের গুনাগুন বাড়ে অপরদিকে তা সিমেন্ট উৎপাদন খরচও হ্রাস পায়। অপরদিকে কাস্টম হাউস, চট্টগ্রামের যুগ্ম কমিশনার মোহাম্মদ মাহবুব হাসান তার লিখিত বক্তব্যের ধারাবাহিকতায় উল্লেখ করেন যে বর্ণিত পণ্যটি সিমেন্ট প্রস্তুতির কোন অপরিহার্য উপাদান নয়। এটি সিমেন্টের প্রস্তুত প্রক্রিয়া দ্রুততর করলেও সিমেন্টের Quality বৃদ্ধিকারী কোন উপাদান নয়। Explanatory Notes এর বর্ণনা মোতাবেক যেসকল পদার্থ Cement Additives হিসেবে ব্যবহৃত হতে পারে তা বর্ণিত পণ্যে অনুপস্থিত। বাণিজ্যিক পণ্য হিসেবে এর আমদানি ও সাধারণ নির্মান কাজে বহুল ব্যবহার রয়েছে। সভায় দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি) উল্লেখ করেন যে WCO Explanatory Notes এর হেডিং 38.24 বর্ণনা Prepared Additive for Cements, mortars or concrete, for example anti acid additives with a basis of sodium or potassium silicate and sodium or potassium fluorosilicate and waterproofing preparation (Whether or not containing soap) based on calcium oxide, fatty acids etc. মর্মে উল্লেখ থাকায় এ জাতীয় পণ্যই শুধুমাত্র Prepared Additive for Cements, mortars or concrete হিসেবে শ্রেণিবিন্যাসিত হবে। ফলে পণ্যটি আলোচ্য হেডিংভুক্ত হলেও ঘোষিত এইচএস কোডে শ্রেণিবিন্যাসযোগ্য নয়। এ বিষয়ে কাস্টম হাউস, পানগাঁও এর যুগ্ম কমিশনার মোঃ লুৎফুল কবির উল্লেখ করেন যে Prepared Additive for Cements, mortars or concrete এর উদাহরণ হিসেবে anti acid additivesসহ অন্যান্য উপাদানের উল্লেখ রয়েছে এবং বাক্যের শেষাংশে fatty acids etc. মর্মে উল্লেখ থাকায় অন্যান্য উপাদানকে রহিত করা হয়নি। ফলে আলোচ্য পণ্যটিও Prepared Additive for Cements, mortars or concrete হিসেবে শ্রেণিবিন্যাসিত হতে পারে। তবে প্রথম সচিব কাস্টমস (ক্লাসিফিকেশন) সিমেন্ট তৈরির পূর্বে Prepared Additive for Cements কীরূপে সিমেন্ট উৎপাদনে ব্যবহার হতে পারে তা জিজ্ঞেস করলে আমদানিকারকগণ জানান যে এই পণ্যটির বিভিন্ন পর্যায়ে বিভিন্ন ব্যবহার রয়েছে। সিমেন্ট প্রস্তুতিতে সিমেন্টের কাচাঁমাল, সিমেন্ট প্রস্তুত পরবর্তিতে সিমেন্টের Flowability and Smoothness বৃদ্ধি ছাড়াও মর্টার ও কংক্রিটের সাথে পণ্যটির ব্যবহার Early strength gain নিশ্চিত করে। অর্থাৎ, পণ্যটির সিমেন্ট প্রস্তুতির পূর্বে সিমেন্ট প্রস্তুতির কাঁচামাল হিসেবে, প্রস্তুতকৃত সিমেন্টের সাথে এমনকি নির্মান

পর্যায়েও মর্টার ও কনক্রিটের সাথে এর ব্যবহার রয়েছে। সে বিবেচনায় শিল্প কাঁচামাল হিসেব পণ্যটিকে তিনি ঘোষিত এইচএস কোডে শুল্কায়ন অব্যাহত রাখার প্রার্থনা করেন। সভায় অপরাপর সদস্যগণ এ বক্তব্যের সাথে একমত পোষণ করে এ বিষয়ে অন্যান্য প্রাসঙ্গিক আলোচনার অবতারনা করেন।

**সিদ্ধান্ত:** উপর্যুক্ত আলোচনানুসারে Bangladesh Customs Tariff (BCT) এবং WCO Explanatory Notes এর বর্ণনা এবং General Rules for the Interpretation of the Harmonized System এর Rules 1 অনুযায়ী আমদানিকৃত Grinding Aid (Prepared Additive for Cements) এইচএস কোড 3824.40.00 তে শ্রেণিবিন্যাসযোগ্য।

৪। সভার সর্বশেষ আলোচ্য বিষয় হিসেবে System Engineering নামীয় প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত Digital Volumetric Weighing Scale এর সঠিক এইচএস কোড নির্ধারণের বিষয়ে আলোচনা হয়। বিবেচ্য বিষয়ের প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ:-

| **ক্রমিক নং** | **বিল অব এন্ট্রি নং** | **সি-৭২৫০৩৪ তারিখ-০৩/০৬/২০২০ খ্রি:** |
|---|---|---|
| | সংশ্লিষ্ট কাস্টম হাউস | কাস্টম হাউস, চট্টগ্রাম। |
| | আমদানিকারক | System Engineering, Dhaka |
| | পণ্যের বাণিজ্যিক নাম | Digital Volumetric Weighing Scale |
| | পণ্যের গঠণ | ডিজিটাল পদ্ধতিতে সেন্সর, বারকোড রিডার প্রভৃতি ব্যবহার করে নির্ভুল ওজন ও আয়তন পরিমাপন। |
| | সম্ভাব্য ব্যবহার | পণ্যটি ঘনবস্তুর ওজন ও আকার/আকৃতি পরিমাপ করতে ব্যবহৃত হয়। যেসকল ক্ষেত্রে ওজনের পাশাপাশি পণ্যের আয়তন পরিমাপের প্রয়োজনীয়তা রয়েছে সে সকল ক্ষেত্রে এটি ব্যবহার হয়। |
| | ঘোষিত এইচএস কোড 8423.89.00 ও বিসিটির বর্ণনা এবং কাস্টম হাউসের নির্ধারিত এইচএস কোড 8423.82.90 ও বিসিটির বর্ণনা | **84.23** **Weighing machinery (excluding balances of a sensitivity of 5 cg or better), including weight operated counting or checking machines; weighing machine weights of all kinds.**<br>- Other weighing machinery<br>8423.81.00 -- Having a maximum weighing capacity not exceeding 30 kg<br>-- Having a maximum weighing capacity exceeding 30 kg but not exceeding 5,000 kg<br>8423.82.10 --- Weighing capacity exceeding 200Kg<br>**8423.82.90 --- Other**<br>**8423.89.00 -- Other** |
| | বর্তমান অবস্থা | ব্যাংক গ্যারান্টির বিপরীতে সাময়িক শুল্কায়নের মাধ্যমে খালাসকৃত। |

আমদানিকারকের প্রতিনিধি হিসেবে তার উপদেষ্টা জনাব মোঃ নিজামুল হক সভাকে অবহিত করেন যে ডিজিটাল পদ্ধতিতে সেন্সর, বারকোড রিডার প্রভৃতি ব্যবহার করে নির্ভুল ওজন ও আয়তন পরিমাপন করতে যন্ত্রটি ব্যবহার হয়। পণ্যটি একই সাথে বস্তুর ওজন ও আয়তন পরিমাপ করে বিধায় পণ্যটির সুনির্দিষ্ট কোন এইচএস কোড BCT তে উল্লেখ নাই। ফলে সুনির্দিষ্ট এইচএস কোড না থাকায় ঘোষিত এইচএস কোডে পণ্যটি শ্রেণিবিন্যাস করাই যুক্তিযুক্ত। অপরদিকে প্রথম সচিব (কাস্টমস ক্লাসিফিকেশন) সভায় উল্লেখ করেন যে ওজন পরিমাপক ক্ষমতার ভিত্তিতে হেডিং 84.23 তে এ জাতীয় পণ্যকে ৩ (তিন)টি এইচএস কোডে শ্রেণিবিন্যাসিত করা রয়েছে। ৩০ কেজি পর্যন্ত এইচএস কোড 8423.81.00, ৩০ কেজি হতে ২০০ কেজি পর্যন্ত এইচএস কোড 8423.82.10 ও ২০০ কেজির উপরে হলে তা এইচএস কোড 8423.82.90 তে শ্রেণিবিন্যাসিত হবে। আমদানিকারকের প্রতিনিধি উল্লেখ করেন যে উক্ত এইচএস কোডসমূহ শুধুমাত্র ওজন ভিত্তিক পরিমাপকের জন্য নির্ধারিত হওয়ায় আলোচ্য ক্ষেত্রে তা প্রযোজ্য নয়। তবে কাস্টম হাউস চট্টগ্রামের যুগ্ম কমিনার মোহাম্মদ মাহবুব হাসান ও কাস্টম হাউস, বেনাপোল এর অতিরিক্ত কমিশনার ড. মোঃ নেয়ামুল ইসলাম উক্ত বক্তব্যের প্রেক্ষিতে উল্লেখ করেন WCO Explanatory Notes এর হেডিং 84.23 এর (B) Appliances working on a weight determination principle but recording automatically in other units (e.g., volume, number, price or length) having

a direct relation to weight মর্মে বর্ণনানুসারে ওজন ও ভলিয়ম ভিত্তিক দুটো ক্ষেত্রেই উক্ত এইচএস কোড প্রযোজ্য হতে পারে। সভার অপরাপর সদস্যগণ এতে একমত পোষণ করেন। এছাড়াও সভায় অন্যান্য সদস্যগণ এ বিষয়ে অন্যান্য প্রাসঙ্গিক আলোচনার অবতারনা করেন।

**সিদ্ধান্ত:** Bangladesh Customs Tariff (BCT) এবং WCO Explanatory Notes এর বর্ণনা এবং General Rules for the Interpretation of the Harmonized System এর Rule 1 অনুযায়ী আমদানিকৃত Digital Volumetric Weighing Scale এইচএস কোড 8423.82.90 তে শ্রেণিবিন্যাসযোগ্য।

৪। এমতাবস্থায়, উপর্যুক্ত আলোচনা ও সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(০৮/০৯/২০২০ খ্রিঃ)
(সৈয়দ গোলাম কিবরীয়া)
সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি)

**বিতরণ:**

১। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা, মোংলা/ আইসিডি (কমলাপুর)/পানগাঁও/বেনাপোল/ পায়রা।

২। Managing Director (Proprietor), Bravo Apparel Manufacturer Ltd., Gazipur/ Lafargeholcim Bangladesh Ltd, Dhaka/ Bashundhara Industrial Complex Ltd. Dhaka/ Sanowara Drinks & Beverage Industries Ltd., Dhaka/ Dhaka Ice-Cream Industries Ltd, Dhaka/ System engineering, Dhaka

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৩.২০১৯/৮১ (৯৫) তারিখ: ০৮/০৯/২০২০ খ্রিঃ

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (Website-এ প্রকাশের অনুরোধসহ) ।
৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীন নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৪। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
৫। প্রথম সচিব (কাস্টমস নীতি)/ (কাস্টমস ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৬। পিএটু সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৭। গার্ড ফাইল।

০৮/০৯/২০২০
(মোহাম্মদ মেহরাজ-উল-আলম সম্রাট)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং